# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date: 22.07.2024** **Time: 7.50 P.M.**

---

**বিশেষ বিশেষ খবর –**

১) রাজ্যে চার বিধানসভা কেন্দ্রের সাম্প্রতিক উপনির্বাচনে বিজয়ী প্রার্থীদের শপথগ্রহণ হবে আগামীকাল। আজ শুরু হয়েছে বিধানসভার অধিবেশন।

২) বরানগর ও ভগবানগোলার বিধায়কদের শপথ গ্রহণের সাংবিধানিক বৈধতা নিয়ে প্রশ্ন তুলে রাজ্যপাল ওই দুই বিধায়ককে আজ চিঠি দিয়েছেন।

৩) সংসদে আগামীকাল ২০২৪-২৫ অর্থবর্ষের সাধারণ বাজেট পেশ করবেন অর্থমন্ত্রী নির্মলা সীতারমন।

৪) এক আইনজীবীকে পুলিশ ফাঁড়ির ভেতরে মারধরের প্রতিবাদে কলকাতা হাইকোর্টের বার অ্যাসোসিয়েশনের ডাকা বয়কটের জেরে বহু মামলার শুনানি আজ পিছিয়ে গেছে।

৫) দক্ষিণ ২৪ পরগনার গঙ্গাসাগরের কপিলমুনির আশ্রম সংলগ্ন এলাকায় ভাঙন অব্যাহত। প্লাবিত সুন্দরবনের বিস্তীর্ণ অংশ।

৬) সরকারের তরফে ইতিবাচক সাড়া না পাওয়ায় রাজ্য জুড়ে অনির্দিষ্টকালের কর্মবিরতি শুরু করেছেন প্রগতিশীল আলু ব্যবসায়ী সমিতি।

---

রাজ্যে চার বিধানসভা কেন্দ্রের সাম্প্রতিক উপনির্বাচনে বিজয়ী প্রার্থীদের শপথগ্রহণ হবে আগামীকাল। বিধানসভায় দুপুর একটায় অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় তাঁদের শপথ বাক্য পাঠ করাবেন। আজ কার্য উপদেষ্টা কমিটির বৈঠকের পর অধ্যক্ষ নিজেই একথা জানান। সাংবাদিকদের তিনি বলেন, ওই চারজনের শপথ গ্রহণের জন্য রাজ্যপালের কাছ থেকে অনুমোদন চেয়েও মেলেনি। তাই আগামীকাল তিনি নিজেই তাঁদের শপথ বাক্য পাঠ করাবেন।

এবারের অধিবেশনে নিট ও নতুন তিন ফৌজদারি আইন নিয়ে প্রস্তাবের ওপর আলোচনা হবে বলে অধ্যক্ষ জানিয়েছেন। রাজ্য তফসিলি জাতি উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণি কল্যাণ পর্ষদ আইনের একটি সংশোধনীও অধিবেশনে আসছে। আজই শুরু হয়েছে রাজ্য বিধানসভার অধিবেশন। সদ্যপ্রয়াত বিশিষ্ট ব্যক্তিদের প্রতি শোক প্রস্তাব পাঠ এবং কার্য উপদেষ্টা কমিটির রিপোর্ট পেশ করার পর দিনের মতো সভার কাজ মুলতুবি করে দেওয়া হয়।

---------------------

এদিকে, বরানগর ও ভগবানগোলার বিধায়কদের শপথ গ্রহণের সাংবিধানিক বৈধতা নিয়ে প্রশ্ন তুলে রাজ্যপাল সিভি আনন্দ বোস ওই দুই বিধায়ককে আজ চিঠি দিয়েছেন। চিঠিতে তিনি জানিয়েছেন, বিধায়কের শপথগ্রহণের বিষয়ে রাজ্যপালের নির্দেশ পালন না করা, সংসদীয় পদ্ধতি এবং সাংবিধানিক প্রক্রিয়ার পরিপন্থী। রাজ্যপালকে এড়িয়ে রাজ্য বিধানসভার অধ্যক্ষের শপথবাক্য পাঠ করানোর অধিকার নেই। এক্ষেত্রে কে তাঁদের শপথবাক্য পাঠ করিয়েছেন, সায়ন্তিকা ও রেয়াত হোসেনের কাছে রাজ্যপাল তা কাছে জানতে চেয়েছেন। সেই সঙ্গেই জানিয়ে দিয়েছেন, তাঁর নির্দেশ অনুযায়ী যদি উপাধ্যক্ষ শপথবাক্য পাঠ না করিয়ে থাকেন, তবে তা অসাংবিধানিক। সে

ক্ষেত্রে বিধানসভার অধিবেশনে যোগ দিলে বা ভোটাভুটিতে অংশ নিলেন তাদের জরিমানা ও শাস্তির মুখে পড়তে হবে।

রাজ্যপালের চিঠি নিয়ে এই দুই বিধায়ক আজ বিমান বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে দেখা করেন। অধ্যক্ষ তাদের আশ্বস্ত করেছেন বলে জানিয়েছেন দুই বিধায়ক। অধ্যক্ষের নির্দেশ মত তারা আগামীকাল থেকে বিধানসভার অধিবেশনে যোগ দেবেন।

-----------------------

শারদোৎসবের আগে পুজোর প্রস্তুতি নিয়ে রাজ্য সরকার বৈঠকে বসতে চলেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্যে আগামীকাল বিকেলে কলকাতার নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে এই বৈঠকে উপস্থিত থাকার জন্যে বিভিন্ন পুজো কমিটি, ছাড়াও সংশ্লিষ্ট দপ্তর ও পুলিশ প্রশাসনের শীর্ষ আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে।

এর আগে মুখ্যমন্ত্রীর বিধানসভায়, উপনির্বাচনে জয়ী চার প্রার্থীর শপথ গ্রহন অনুষ্ঠানে এবং রাজ্য মন্ত্রীসভার বৈঠকে অংশ নেওয়ার কথা।

-----------------------

সংসদে আগামীকাল ২০২৪-২৫ অর্থবর্ষের সাধারণ বাজেট পেশ করবেন অর্থমন্ত্রী নির্মলা সীতারমন। আজ ২০২৩-২৪ এর অর্থনৈতিক সমীক্ষা পেশ করেন তিনি। এতে মোট অভ্যন্তরীন উৎপাদন জিডিপি প্রকৃত বৃদ্ধির হার ২০২৪-২৫ অর্থ বর্ষে ৬ দশমিক ৫ থেকে ৭ শতাংশ হবে বলে পূর্বাভাস দেওয়া হয়েছে। ২০২৪ অর্থবর্ষে ভারতের প্রকৃত জিডিপি বৃদ্ধির হার ৮ দশমিক ২ শতাংশ হবার সম্ভবনা রয়েছে বলে তিনি জানান।

-----------------------

লোকসভায় বাজেট পেশ এবং দিল্লী থেকে বাজেট নিয়ে বিশেষ আলোচনার জন্য আজ আকাশবাণী কলকাতার একাধিক সংবাদের সময়সূচী ও সম্প্রচার চ্যানেলের পরিবর্তন করা হচ্ছে।

সকাল ৯ টা ১৫ ও ১০ টা ১০, দুপুর ১২ টা ৩০ ও ১২ টা ৫০, বিকেল ৫ টা ১০ এবং সন্ধ্যা ৬ টা ৩৫-এর খবর শোনা যাবে সঞ্চয়িতা প্রচারতরঙ্গে। সকাল ৯ টা ২৫ এর জেলা চিঠিও একই প্রচার তরঙ্গে সম্প্রচারিত হবে।

গীতাঞ্জলী ও ১০৭ মেগাহার্টজে দুপুর ১ টা ৩০ এর সংবাদ শুনবেন ১ টা ৫০-এ। ২ টো থেকে শোনা যাবে ১ টা ৪০ এর স্থানীয় সংবাদ। দুপুরের স্থানীয় সংবাদ এবং বিকেল ৫ টা ১০ এর সংবাদ হবে ১০ মিনিটের।

সন্ধ্যা ৭ টা ৩৫-এর সংবাদ আগামীকাল শোনা যাবে রাত ৮ টা ৪৫ মিনিটে। এরপরই ৮ টা ৫৫ থেকে শুনবেন ৭ টা ৫০ এর স্থানীয় সংবাদ। ১০ মিনিটের বদলে স্থানীয় সংবাদ হবে ১৫ মিনিটের। দুটি খবরই সম্প্রচারিত হবে গীতাঞ্জলি ও ১০৭ মেগাহার্টজে।

একই প্রচারতরঙ্গে শোনা যাবে রাত ১০ টার খবর।

আমাদের সোশ্যাল মিডিয়ার প্ল্যাটফর্মেও শুনতে পাবেন সবকটি খবর।

-----------------------

এক আইনজীবীকে পুলিশ ফাঁড়ির ভেতরে মারধরের প্রতিবাদে কলকাতা হাইকোর্টের বার অ্যাসোসিয়েশনের আইনজীবীরা আজ কাজকর্ম বন্ধ করে দেন। এই বয়কটের ফলে সপ্তাহের প্রথম দিনই থমকে যায় বহু গুরুত্বপূর্ণ মামলার শুনানি। বার অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে জানানো হয়েছে, সৌরভ মন্ডল নামে হাইকোর্টের এক

আইনজীবী মামলার কাজে গতকাল বিকেল পাঁচটা নাগাদ দক্ষিণ ২৪ পরগনার বিষ্ণুপুর থানার নেপালগঞ্জ ফাঁড়িতে গিয়েছিলেন। তখন সাব-ইন্সপেক্টর সুদীপ্ত সান্যাল, ওই আইনজীবীকে বেধড়ক মারধর করেন বলে অভিযোগ। তাঁকে মাদক মামলায় ফাঁসিয়ে দেওয়ার হুমকিও দেওয়া হয়। জখম ওই আইনজীবীর আমতলা গ্রামীণ হাসপাতালে চিকিৎসা চলে। ঘটনাটির কথা জানিয়ে তিনি রাজ্য পুলিশের ডিজি, আইজি, পুলিশ সুপার এবং বিষ্ণুপুর থানার ওসিকে চিঠি দেন।

এ নিয়ে আজ একটি প্রস্তাব পাশ করে কলকাতা হাইকোর্টের বার অ্যাসোসিয়েশনের তরকে জানানো হয়, আইনজীবীকে মারধরের ঘটনায় অভিযুক্ত পুলিশ সাব ইনস্পেক্টরকে সাসপেন্ড করে তাঁর বিরুদ্ধে প্রয়োজনীয় আইনি পদক্ষেপ করতে হবে। যত দিন না সেই দাবি মানা হচ্ছে, তত দিন বারের কোনও আইনজীবী বিচার প্রক্রিয়ার অংশগ্রহণ করবেন না। এব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নিতে আগামীকাল একটি বৈঠক ডাকা হয়েছে।

---------------------

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গতকাল ২১ শে জুলাইয়ের সভামঞ্চে দাঁড়িয়ে বাংলাদেশ থেকে আসা শরণার্থীদের আশ্রয় দেওয়ার যে বার্তা দিয়েছেন, বিজেপি তার সমালোচনা করেছে। দলের সাংসদ রবি শংকর প্রসাদ আজ দিল্লিতে এক সাংবাদিক বৈঠকে জানিয়েছেন, সংবিধান অনুযায়ী শরণার্থীদের আশ্রয় দেওয়ার এক্তিয়ার রাজ্য সরকারের নেই। এবিষয়ে কেন্দ্রীয় সরকারই চূড়ান্ত সিদ্ধান্ত নিতে পারে। তৃণমূল কংগ্রেস নেত্রী, সব সময় সংশোধিত নাগরিকত্ব আইনের বিরোধিতা করেছেন। তবে এখন তিনি বাংলাদেশ থেকে আসা শরণার্থীদের আশ্রয় দেওয়ার কথা কেন বলছেন, শ্রী প্রসাদ তা নিয়ে প্রশ্ন তোলেন।

এদিকে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও এক টুইট বার্তায় জানান, তৃণমূল কংগ্রেস নেত্রী গতকাল যেসব ক্ষেত্রে রাজ্য প্রশাসনের এক্তিয়ার নেই, তা নিয়ে অপ্রাসঙ্গিক কথা বলেছেন।

-----------------------

২১ শে জুলাই সভায় যোগ দিতে আসা শিলিগুড়ির ভক্তিনগরের এক তৃণমূল কংগ্রেস কর্মীর দেহ বকখালি সমুদ্র সৈকত থেকে উদ্ধার হয়েছে। দলের শ্রমিক সংগঠনের কর্মী রঞ্জিত মন্ডলকে গতকাল সমুদ্র সৈকতে কর্মরত সিভিল ডিফেন্স কর্মীরা অচেতন অবস্থায় পড়ে থাকতে দেখেন। ফ্রেজারগঞ্জ কোস্টাল থানার পুলিশ তাঁকে উদ্ধার করে স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে গেলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন। জানা গেছে, কলকাতায় সমাবেশে যোগ দিতে যাওয়ার কথা থাকলেও রঞ্জিত সেখানে না গিয়ে বকখালি বেড়াতে চলে যান। মদ্যপান করে সমুদ্রে নামায় এই বিপত্তি বলে পুলিশের প্রাথমিক অনুমান। আজ কাকদ্বীপ হাসপাতালে ময়নাতদন্তের পর তাঁর দেহ শিলিগুড়ি ফিরিয়ে নিয়ে যাওয়া হবে।

-----------------------

দক্ষিণ ২৪ পরগনার অন্যতম তীর্থ ক্ষেত্র ও পর্যটন কেন্দ্র গঙ্গাসাগরের কপিলমুনির আশ্রম সংলগ্ন এলাকা গতকালের পর আজও তীব্র ভাঙনের মুখে। জেলা থেকে আমাদের সংবাদদাতার একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

সুন্দরবনের বিস্তীর্ণ অংশও সমূদ্রের জলে প্লাবিত। পাথরপ্রতিমার জি প্লট গ্রাম পঞ্চায়েতের গোবর্ধনপুরে প্রায় এক কিলোমিটার অংশের নদী বাঁধ ভেঙে গ্রামে লবণাক্ত

জল ঢুকছে। গোসাবার একাধিক জায়গাতেও বাঁধ উপচে গেছে। আজ রাতের জোয়ারে অবস্থা আরও অবনতি হতে পারে বলে গ্রামবাসীদের আশঙ্কা ।

-----------------------

প্রগতিশীল আলু ব্যবসায়ী সমিতির কর্মবিরতির জেরে বাজারে আলুর জোগানে টান পড়ার আশঙ্কা। বিভিন্ন জায়গায় হিমঘর খোলা থাকলেও কর্মবিরতির দরুণ আলু বের করা হচ্ছে না। এর জেরে বাজারে আলুর দাম ফের উর্ধ্বমুখী হবে বলে মনে করছেন ক্রেতারা। সমিতির সম্পাদক লালু মুখোপাধ্যায় জানিয়েছেন, রাজ্যে সরকারের তরফে ইতিবাচক সাড়া না পাওয়া পর্যন্ত রাজ্যজুড়ে আলু ব্যবসায়ীদের অনির্দিষ্টকালের কর্মবিরতি বজায় থাকবে। রাজ্যের প্রায় ৮০ হাজার আলু ব্যবসায়ী অনির্দিষ্টকালীন এই কর্মবিরতিতে সামিল হয়েছেন।

উল্লেখ্য, নিষেধাজ্ঞা না থাকা সত্ত্বেও ভিন রাজ্যে আলু রপ্তানিতে বাধা এবং পুলিশি হয়রানির প্রতিবাদে আজ থেকে কর্ম বিরতির ডাক দিয়েছে প্রগতিশীল আলু ব্যবসায়ী সমিতি।

-----------------------

শ্রাবন মাসের প্রথম সোমবার হুগলীর তারকেশ্বরে ভক্তদের ভীড় উপচে পড়ছে। গতকাল সারা রাত পুন্যার্থীরা পায়ে হেঁটে বাঁক কাঁধে মন্দির পৌঁছান। সকাল থেকেই চলছে পুজার্চনা। ভিড় সামাল দিতে প্রশাসনের পক্ষ থেকে ব্যপক বন্দোবস্ত করা হয়েছে।

উত্তরবঙ্গের ঐতিহ্যবাহী জল্পেশ শৈবতীর্থে শ্রাবণ মাসে শিবের পূজা এবং শ্রাবণী মেলাও আজ শুরু হয়েছে । মেলাকে কেন্দ্র করে আঁটোসাটো করা হয়েছে নিরাপত্তা। মন্দির ট্রাস্টি বোর্ডের সম্পাদক গিরিন্দ্র নাথ দেব জানান, ভক্তদের মেলায় বা পূজা দিতে এসে যাতে কোন সমস্যা না হয় সে ব্যাপারে দৃষ্টি রাখছে প্রশাসন ও কর্তৃপক্ষ।

এদিকে, শৈব তীর্থ হিসেবে খ্যাত নদীয়ার শিবনিবাস, দিগনগরের রাঘবেশ্বর মন্দির সহ বিভিন্ন মন্দিরগুলিতে পুণ্যার্থীদের ভিড় লক্ষ্য করা যাচ্ছে। জেলার বিভিন্ন প্রান্ত থেকে বহু মানুষ নবদ্বীপের গঙ্গা থেকে জল তুলে প্রায় ৩৮ কিলোমিটার পথ পায়ে হেঁটে নবদ্বীপ, মাঝদিয়া রাজ্য সড়ক দিয়ে মন্দিরে যাচ্ছেন।

---------------------- ----------------------